



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং বিঅ ৬/৩৫৫৩/১১৯

তারিখ : ০৯/০৫/১৭

বিষয় : এডহক কমিটি গঠনের অনুমতি

সূত্র : ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের ০৬-০৩-২০১৭ খ্রি. তারিখের অনলাইনের আবেদন আইডি নং-৯৮৯১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, খুলনা প্রশাসক, খুলনা এর তদন্ত প্রতিবেদন অনুযায়ী খুলনা টেক্সটাইল মিলস হাই স্কুলের সকল দায়দায়িত্ব পরিচালনা করায় প্রবিধান-২০০৯ এর ৪৯ ধারা অনুযায়ী সংস্থা পরিচালিত ম্যানেজিং কমিটি থাকার কোন সুযোগ নাই বিধায় চলমান সংস্থা পরিচালিত ম্যানেজিং কমিটি বিলুপ্ত করা হল। এবং প্রবিধান ২০০৯ এর ১৮ ধারা অনুযায়ী নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হল। বিধি মোতাবেক এডহক কমিটি গঠনের লক্ষ্যে অভিভাবক সদস্য, শিক্ষক প্রতিনিধির প্রস্তাব এবং প্রয়োজনীয় ফিসসহ আবেদন ০৭ (সাত) কমদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে।

এডহক কমিটির সভাপতি বোর্ড কর্তৃক মনোনীত হবে

প্রধান শিক্ষক,
খুলনা টেক্সটাইল মিলস হাই স্কুল, (১১৭৪০৪)
ডাকঘর: খুলনা, উপজেলা: সোনাডাঙ্গা, জেলা: খুলনা



০৯/০৫/১৭

(ড. মোঃ আহসান হাবীব)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৪


০৭/৫/১৭

স্মারক নং বিঅ ৬/৩৫৫৩/১১৯ (১-৫)

তারিখ : ০৯/০৫/১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। জেলা শিক্ষা অফিসার, খুলনা

প্রজ্ঞাপন- ২০০৯ এর ৩৯(১)(গ)(অ) উপধারা অনুসারে একজন শিক্ষক প্রতিনিধি মনোনয়ন পূর্বক প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হল


২। উপজেলা নির্বাহী অফিসার, সোনাডাঙ্গা, জেলা : খুলনা

প্রজ্ঞাপন -২০০৯ এর ৩৯(১)(গ)(আ) উপধারা অনুসারে একজন অভিভাবক প্রতিনিধি মনোনয়ন পূর্বক প্রস্তাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হল

৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সোনাডাঙ্গা, জেলা : খুলনা

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৫। সংরক্ষণ নথি।


০৯/০৫/১৭

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর


০৭/৫/১৭